

## যীশু মানবরূপে জন্মগ্রহণ করেছিলেন

১. ক্রীষ্টমাসের এবং যীশুর মাংসে মূর্তিমান হওয়ার গভীরতম অর্থ আবিষ্কার করা।

প্রার্থনা : “প্রিয় যীশু, তুমি যে একাধারে মানুষ এবং ঈশ্বর এই অলৌকিক সত্য উপলব্ধি করতে আমাকে সাহায্য কর। আমাকে অন্যদের কাছে ব্যাখ্যা করতে সাহায্য কর যে তোমার মধ্যে ঈশ্বর এবং মানুষের সত্তা বর্তমান এবং তুমিই আমাদের প্রতি পিতার মহত্তম উপহার।”

পটভূমি : আপনি যদি এখনও যীশুর জন্মের ঐতিহাসিক ঘটনাটি না জেনে থাকেন, তবে অনুগ্রহ করে লুক ১ ও ২ অধ্যায় এবং মথি ১ ও ২ অধ্যায় পাঠ করুন। বড়দিনের জন্য শিশুদের অধ্যয়নে লুক ১ ও ২ অধ্যায় থেকে একটি নাটক অন্তর্ভুক্ত করা হয়েছে।

যিশাইয় খ্রীষ্টের জন্মের শত শত বছর পূর্বে এই বিষয়ে ভাববাণী করেছিলেন। যিশাইয় ৭ঃ১৪ পদে খুঁজে দেখুন, ত্রাণকর্তাকে কি বলে অভিহিত করা হয়েছিল।

উত্তর : তাঁকে “ইম্মানুয়েল” বলে অভিহিত করা হয়েছিল, যার অর্থ হল “আমাদের সহিত ঈশ্বর”।

যীশুর দুটি প্রকৃতি ছিল, ঈশ্বরের স্বর্গীয় প্রকৃতি এবং মানুষের মানব প্রকৃতি। তিনি মানবজাতি এবং সর্বোচ্চ পবিত্র এবং সর্বশক্তিমান ঈশ্বরের মধ্যে সেতু।

- যোহন ১ঃ১-৩ পদ তাঁর দুটি কি কি প্রকৃতি দেখা যায় ?
- ১ যোহন ১ঃ৭ পদে যীশুকে অনন্ত বাক্য রূপে চিহ্নিত করা হয়েছে। যোহন ১ঃ৯ পদে তিনি কিসে পরিণত হয়েছিলেন বলে বলা হয়েছে
- যোহন ১ঃ১-৩ পদে আরও খুঁজে দেখুন যে মানুষ হিসাবে জন্মগ্রহণের পূর্বে যীশুর অস্তিত্ব ছিল কি?।
- ইব্রীয় ২ঃ১৪ এবং ১ঃ৫ পদে তাঁর আর কোন্ কোন্ দুটি প্রকৃতি দেখা যায় ?

ইব্রীয় ২ঃ১৪-১ঃ৫ পদে খুঁজে দেখুন, আমাদের মতো মানবরূপ গ্রহণের দ্বারা যীশু কার হাত থেকে আমাদের রক্ষা করেছিলেন।

উত্তর : মানবরূপ ধারণের দ্বারা খ্রীষ্ট আমাদের দিয়াবলের হাত থেকে রক্ষা করেছিলেন।

- গালাতীয় ৪ঃ৩-৭ পদে খুঁজে দেখুন, যীশু তাঁর মানবে পরিণত হওয়ার দ্বারা আমাদের কিসে পরিণত হতে সক্ষম করেছেন। উত্তর : ঈশ্বর মানবরূপে জন্ম গ্রহণের কারণে তিনি আমাদের স্থানে মৃত্যুবরণ করতে পেরেছিলেন এবং আমাদের ঈশ্বরের পুত্র করেছিলেন এবং আমাদেরকে তিনি তাঁর সাথে একত্রে পিতার আশীর্বাদের উত্তরাধিকারী করেছেন।

২. বিশেষ বড়দিনের কার্যকলাপের বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

- বড়দিনের সময় কয়েকজন বিশ্বাসী তাদের বন্ধুদের ঘরের সামনে যীশুর জন্মের বিষয় গান করতে পারেন।
- অন্যরা দরিদ্র প্রতিবাসীদের জন্য খাদ্য বা অন্য কোন উপহার নিয়ে যেতে পারেন।
- যীশুর জন্মদিন উদ্‌যাপিত করার জন্য অন্য বিশ্বাসী, বন্ধুবান্ধব এবং আত্মীয়স্বজনের সঙ্গে ভোজের ব্যবস্থা করুন।

৩. বড়দিন উদ্‌যাপনের পরিকল্পনা করুন। স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

শিশুদের, তারা যা প্রস্তুতি করেছে তা উপস্থাপন করতে দিন।

যীশুর জন্মের ভাববাণীসমূহ। আপনি যখন ভাববাণীগুলো উল্লেখ করবেন, তখন এক এক করে সেগুলো পাঠ করার জন্য সাহায্যকারীদের প্রস্তুত করুন, ব্যাখ্যা করুন যে পুরাতন নিয়মের ভাববাদীগণ যীশুর জন্মের বছর পূর্বে এই বিষয়ে ভাববাণী করেছিলেন। তারা ভাববাণী করেছিলেন যে মানবজাতির প্রতিজ্ঞাত ত্রাণকর্তা হবেন...

- নারীর গর্ভজাত এবং তিনি সপের মস্তক চূর্ণ করবেন (শয়তান), আদি ৩ঃ১৫ পদ।
- অব্রাহামের বংশধর যিনি সমুদয় জাতিকে আশীর্বাদ করবেন, আদি ১২ঃ১-৩ এবং ৭ পদ।
- যিহূদা গোষ্ঠীর, আদি ৪ঃ১০ পদ।



- তিনি মোশির ন্যায় একজন ভাববাদী, যার কথা লোকেরা শুনবেন, ২ বিবরণ ১৮ঃ১৫
  - রাজা দায়ূদের বংশধর, যার রাজত্ব চিরকাল স্থায়ী, যিশাইয় ৯ঃ ৬ এবং ৭ পদ।
  - বেৎলেহমে জন্ম হবে, মীখা ৫ঃ২ পদ।
  - কুমারীর গর্ভে জন্ম হবে এবং 'ইস্মানুয়েল' নামে অভিহিত করা হবে, যিশাইয় ৭ঃ১৪ পদ।
- যীশুকে কেন 'ইস্মানুয়েল' বলা হয় এবং তাঁর দুটি প্রকৃতির বিষয় অ্যাখ্যা করুন।

পণ্ডিতগণ শিশু যীশুকে দেখতে এসেছিলেন, মথি ২

- আপনি অথবা সাহায্যকারী মথি ২ অধ্যায়ের গল্পটি পাঠ করবেন অথবা মন থেকে বলবেন।
- ব্যাখ্যা করুন, পণ্ডিত লোকেরা বুঝতে পেরেছিলেন যে যীশু ঈশ্বর কর্তৃক প্রেরিত বিশেষ রাজা ছিলেন।
- জিজ্ঞাসা করুন, “মন্দ লোকেরা কেন চান না যীশু জীবিত থাকুক?”
- আজকের দিনেও হেরোদ রাজার মত মন্দ লোকেরা কি কি ভাবে ঈশ্বরকে প্রত্যাখান করেন এবং তাঁর লোকদের আঘাত করেন?
- রাখালেরা যীশুকে যাবপাত্রে শায়িত দেখেছিলেন। পণ্ডিত ব্যক্তিগণ তাঁকে কোথায় খুঁজে ছিলেন?” উত্তরঃ ঘরের মধ্যে।
- বাইবেলে বলা হয় নি সেখানে কতজন পণ্ডিত ব্যক্তি ছিলেন, কিন্তু সেখানে বলা হয়েছে তারা কতকগুলো উপহার এনেছিলেন।

নিয়ম সিন্দুক বাস্কটি দখলের গল্পটি বলুন (১ শমূয়েল ৪-৬ অধ্যায়)। প্রথমে, ব্যাখ্যা করুন নিয়ম সিন্দুকটি কি ছিলঃ

- যীশুর জন্মের পূর্বে ঈশ্বর যীশুর ত্রাণকারী কার্যের গুরুত্বপূর্ণ বিষয়গুলো জাগতিক প্রতীক চিহ্নের সাহায্যে ব্যাখ্যা করেছিলেন। নিয়ম সিন্দুকটি লোকদের সঙ্গে ঈশ্বরের উপস্থিতির বিষয়ে যুক্ত ছিল। যীশুর জন্মের সঙ্গে সঙ্গে সেই প্রতীকটিকে সরিয়ে দিয়ে ঈশ্বর আমাদের সঙ্গে থাকার জন্য মাংসে মূর্তিমান হয়েছিলেন।
- সেই বাস্কটি ছিল একটি বিরাটাকৃতির আলমারীর মত, যার মধ্যে পাথরের ফলকের উপর দশ আঙ্গা লিখিত ছিল যা ইস্রায়েলের সঙ্গে তাঁর পুরাতন নিয়মের ভিত্তি ছিল। যীশু সেই পবিত্র বাস্কটির ন্যায় তাঁর হৃদয়ে ঈশ্বরের ব্যবস্থা বহন করেন। তিনি সর্বদা পিতা ঈশ্বরের বাধ্য ছিলেন।
- বাস্কটি ছিল কাঠের তৈরী এবং সোনা দিয়ে মোড়ান। যিহিফেল ১০ঃ৪ পদে, যিহিফেল-এর উপর ঈশ্বরের প্রতাপ দৃশ্যমান হতে দেখেছিলেন, ঠিক যেমন যোহন এবং প্রেরিতগণ যীশুর মধ্যে থেকে ঈশ্বরের প্রতাপ দীপ্তিমান হতে দেখেছিলেন (যোহন ১ঃ১৪)।
- বাকসের ঢাকনায় দুই প্রান্তে সোনার তৈরী দুটি করাবের মূর্তি ছিল (শক্তিশালী দূতগণ) তাদের পক্ষগুলো সম্মুখে প্রসারিত হয়ে ঢাকনাটিকে আবৃত করে রেখেছিল। শাস্ত্রে সর্বশক্তিমান ঈশ্বরের গৌরবময় উপস্থিতি বর্ণনা করার ক্ষেত্রে বহুবার এই ধরনের করাবদের চিত্রায়িত করা হয়েছে।



১ শমূয়েল ১-৪ অধ্যায়ের কেবলমাত্র প্রধান বিষয়গুলো বলুন।

- ইস্রায়েলের সৈন্যগণ পলেষ্টীয়দের কাছে যুদ্ধে হেরে গেছিলেন এবং স্থির করেছিলেন যে তারা সেই পবিত্র বাস্কটিকে যুদ্ধক্ষেত্রে নিয়ে আসবেন, তাদের আশা ছিল ঈশ্বর তাদের হয়ে যুদ্ধ করবেন।
- ঈশ্বর তাদের আদেশ দিয়েছিলেন যে পবিত্র বাস্কটিকে তারা যেন সমাগম তাঁবুর সবচেয়ে পবিত্র স্থানে সংরক্ষিত করেন। কেবলমাত্র মহাযাজক বছরে একবার বলিদানের রক্ত নিয়ে সেই পবিত্র বাস্কের কাছে যেতে পারতেন।
- পলেষ্টিয়গণ অত্যন্ত ভীত হয়েছিলেন, তারা বিশ্বাস করেছিলেন যে ইস্রায়েলীয়দের ঈশ্বর যুদ্ধক্ষেত্রে প্রবেশ করেছেন। যাইহোক, তারা আরও শক্তিতে যুদ্ধ করেছিলেন এবং বাস্কটি দখল করেছিলেন।

- প্রধান যাজক এলী এই সংবাদ শুনেছিলেন এবং তিনি শোকাহত হয়ে পশ্চাতে পড়ে মারা গেছিলেন।
- পলেষ্টীয়গণ মন্দিরে তাদের মৎস দেবতা দাগোনের মূর্তির পাশে বাস্কাটি রেখেছিলেন।
- তৃতীয় দিনে দাগোনের মূর্তিটি পড়ে গিয়ে তার মৎসের ন্যায় মস্তকটি ভেঙ্গে গেছিল, ঠিক যেমন যীশু তিনদিন পর মৃত্যু থেকে উত্থিত হয়ে প্রাচীন সর্পের মস্তক চূর্ণ করেছিলেন।
- দাগোন আমাদের যোনার সেই প্রকাণ্ড মাছটির কথা মনে করিয়ে দেয়, যে তৃতীয় দিনে বমন করে যোনাকে জীবিত অবস্থায় ফিরিয়ে দেয়ছিল।
- পলেষ্টীয়গণ যখন মারাত্মকযন্ত্রণাদায়ক স্ফোটকে আক্রান্ত হয়েছিলেন, তখন তারা দুটি গাভী চালিত একটি শকটের উপর নিয়ম সিদ্ধকটি রাখলেন, সেই শকটের কোন চালক ছিল না, তারা দেখতে চাইলেন যে ঈশ্বর গাভীগুলোকে ইস্রায়েলে পরিচালিত করেন কি না।
- মাঠে কয়েকজন কৃষক যখন সেই উজ্জ্বল সোনার পক্ষযুক্ত উজ্জ্বল পবিত্র বাস্কাটিকে ইস্রায়েলে ফিরে আসতে দেখেছিলেন, তখন তারা অত্যন্ত আনন্দ করেছিলেন, যীশু যখন মৃত্যু থেকে ফিরে এসেছিলেন তখন তাঁকে দেখে শিষ্যরাও অনুরূপ আনন্দ করেছিলেন।

**যোহন ১ঃ১৪ পদ মুখস্থ করুন।**

প্রার্থনা এবং কার্যকলাপের পরিকল্পনা করার জন্য দু তিন জনের কয়েকটি ছোট দল গঠন করুন। পুনরুত্থিত খ্রীষ্ট, যিনি ইম্মানুয়েল আমাদের সহিত ঈশ্বর, বিশ্বাসে তাঁকে দেখার জন্য এবং তাঁর সঙ্গে আমাদের সম্পর্কের বৃদ্ধির সাহায্যের জন্য ঈশ্বরের কাছে যাত্রা করুন। পরস্পরের জন্য প্রার্থনা করুন।

**প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য যোহন ১ঃ১-৩ এবং ৭ পদ পাঠ করুন।**

- ব্যাখ্যা করুন যে যীশু ঈশ্বরের জীবন্ত বাক্য, যিনি মাংসে মূর্তিমান হয়েছিলেন, অদৃশ্য ঈশ্বরের দৃশ্যমান প্রতিমূর্তি (কলসীয় ১ঃ১৫-১৭; যোহন ১ঃ১৪)।
- প্রভুর ভোজ এই আশ্চর্য সুন্দর আবির্ভাবের বিষয়টি প্রতিফলিত করে। আমরা যখন রুটি আহার করি ওহা আমাদের মনে করিয়ে দেয় যে যীশু মানব শরীরে জন্ম গ্রহণ করেছিলেন। যীশু সমুদয় মানবজাতির পাপ সমূহ আবৃত করার জন্য রক্ত সেচন করেছিলেন। আপনি যদি এই বিষয়টিকে আরও স্পষ্ট করতে চান, তবে ১ তীম ২ঃ৬ এবং ৭ পদ এবং ১ যোহন ২ঃ২ পদ পাঠকরুন।